মেহেরপুর সদর থানার সান্ধ্যকালিন অভিযান, পাল্টে যাচ্ছে দৃশ্যপট

এক সময় মাদক স্পটে বা বাড়িতে বিক্রি হতো। এখন তা যেন অনেকটা পাল্টে যাচ্ছে। পুলিশের হাত থেকে বাঁচতে কৌশল পাল্টাচ্ছেন মাদক ব্যবসায়ীরা। দিন দিন মাদক বিক্রিতে নতুন নতুন ধরন তারা অবলম্বন করছে। স্পটে বিক্রির পাশাপাশি কৌশলে চলছে চায়ের দোকানে মাদক বিক্রি। কেউ কেউ মুঠোফোনে কল দিলে ইজিবাইক ও মোটরসাইকেল যোগেও পৌঁছে দিচ্ছে ক্রেতাদের কাছে। এমন দৃশ্য মেহেরপুর শহর, গাংনী ও মুজিবনগরের সীমান্তের মাদক স্পটগুলোতে।

এদিকে পৌর শহরের বিভিন্ন এলাকার দোকানে দোকানে মাদক বিক্রি চলছে। মাদক বিরোধী অভিযান পরিচালনা করলে এসবের সন্ধান পাওয়া যায়। বুধবার সন্ধ্যায় হঠাৎ মেহেরপুর সদর থানা পুলিশ হানা দেয় বিভিন্ন মাদক স্পট ও চায়ের দোকানগুলিতে।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একাধিক টিম বিভিন্ন চায়ের দোকান ও মাদক স্পটে অভিযান চালানো হয়। অভিযানে ইতোমধ্যে ২৫/৩০ জন মাদক সেবি ও মাদক কারবারী আটক হয়েছে। তাদের বিরুদ্ধে মাদক আইনে ব্যবস্থা নেওয়া হয়েছে। এদের মধ্যে কয়েকজনকে ভ্রাম্যমান আদালত বসিয়ে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। কিছু মাদক কারবারী ও সেবিকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ওসি সাইফুল ইসলাম বলেন, সন্ধ্যার পর থেকে রাত ১০ টা পর্যন্ত এই অভিযান চলবে। চায়ের দোকানগুলোতে কোনো ছাত্র ও যুবকদের পেলে আইনী ব্যবস্থা নেওয়া হবে। অভিযানে সতর্ক করা হয় সংশ্লিষ্ট চা দোকানীদের।

সাইফুল ইসলাম আরও জানান, মাদকসেবীদের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে এবং অভিযানকালে মাদকসেবীদের সনাক্ত করতে তাৎক্ষণিক ডোপ টেষ্টের ব্যবস্থা রাখা হয়েছে। পাশাপাশি স্থানীয় চিহ্নিত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনশৃংখলাবাহিনীর জোরদার অভিযানও অব্যাহত থাকবে।